গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৫.০০০০.০১১.৩৩.০০৬.০৯.৮২৯ তারিখ: ০৭/১২/১৪৩০ বঙ্গাব্দ। ২১/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ।

**বিষয়:** **সাধারণ নির্দেশিকা-২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন।**

**সূত্র:** মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন এর স্মারক নং-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২৪.০৮, তারিখ: ০৪/০৩/২০২৪ খ্রি:।

প্রতি বছরের ন্যায় এ বছরও ২৫ মার্চ, সোমবার যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে **'গণহত্যা দিবস ২০২৪'** পালন এবং যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার সাথে ২৬ মার্চ, মঙ্গলবার **'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪'** উদযাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, উপমহাপরিচালক (রেঞ্জ), পরিচালক, কুমিল্লা (রেঞ্জ), অধিনায়ক, আনসার ব্যাটালিয়ন, জেলা কমান্ড্যান্ট, জোন অধিনায়ক ও অধিনায়ক, ভিটিসি নিজ নিজ ইউনিটে উপস্থিত থেকে অনুষ্ঠানসমূহ যথাযথভাবে উদ্‌যাপন নিশ্চিত করবেন।

২। **২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে কর্মসূচি:**

ক। **বিশেষ মোনাজাত।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়সমূহের মসজিদে ২৫ মার্চ ২০২৪, সোমবার বাদ যোহর মহান মুক্তিযুদ্ধে শহিদগণের আত্মার শান্তি এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উত্তরোত্তর অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল কর্মকর্তা-কর্মচারী মোনাজাতে অংশগ্রহণ করবেন।

খ। **প্রতীকী ব্ল্যাক-আউট:** সকল ইউনিটে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে ২৫ মার্চ ২০২৪ তারিখ (রাত ১০.৩০ থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত) ০১ (এক) মিনিটের জন্য প্রতীকী ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) পালন করতে হবে;

৩। **২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি:**

ক। **জাতির উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী।** মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত বাণী সকল স্তরের সদস্যদের দরবার/রোলকলে পাঠ করে শুনাতে হবে;

খ। **সাধারণ ছুটি।** দিবসটি উদ্‌যাপনের নিমিত্ত দিনটি সাধারণ ছুটি হিসেবে পালিত হবে। ঘোষণাকৃত সাধারণ ছুটির দিনে সকল কর্মকর্তা-কর্মচারীকে বাধ্যতামূলক রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

গ। **জাতীয় পতাকা উত্তোলন।** ২৬ মার্চ ২০২৪, মঙ্গলবার সূর্যোদয়ের সাথে সাথে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে ইউনিটসমূহে "দি ফ্ল্যাগ রুলস" (People's Republic of Bangladesh Flag Rules, 1972) অনুযায়ী সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে।

ঘ। **ব্যানার।** ২৬ মার্চ ২০২৪, মঙ্গলবার বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়সমূহে দৃশ্যমান স্থানে সুদৃশ্যভাবে সংযুক্ত নমুনা মোতাবেক ১৫´×৯´ সাইজের প্যানাফ্লেক্স ব্যানার প্রস্তুতপূর্বক সুদৃশ্যভাবে টানাতে হবে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর ও বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমির অফিস বিল্ডিং-এ নমুনা মোতাবেক ড্রপ ডাউন ব্যানার টানাতে হবে।

ঙ। **আলোকসজ্জা ও সাজসজ্জার ব্যবস্থাকরণ।**

(১) ২৬ মার্চ ২০২৪, মঙ্গলবার বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়/গুরুত্বপূর্ণ ভবন/গেটসমূহে জাঁকজমকপূর্ণভাবে আলোকসজ্জা ও সাজসজ্জার ব্যবস্থা করতে হবে।

**(২) কোনক্রমেই ২৫ মার্চ ২০২৪ খ্রি: তারিখ দিবাগত রাত্রে আলোকসজ্জা করা যাবে না।**

চ। **পুষ্পস্তবক অর্পণ।** ২৬ মার্চ ২০২৪, মঙ্গলবার মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মহোদয় বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিতে অবস্থিত শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করবেন এবং আনসার ব্যাটালিয়ন ও জোন কার্যালয়সমূহ নিজস্ব ব্যবস্থাপনায় শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করবে। এছাড়া মাঠ পর্যায়ে রেঞ্জ, জেলা, ভিটিসি ও উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়সমূহ স্থানীয় প্রশাসনের সহিত সমন্বয়পূর্বক শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করবে।

(১) **সময়:** ০৮০০ ঘটিকা।

ছ। **বিশেষ প্রামাণ্যচিত্র/ভিডিও প্রদর্শন।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ে বঙ্গবন্ধু ও মহান মুক্তিযুদ্ধ বিষয়ক বিশেষ প্রামাণ্যচিত্র **"বাংলার মাটি বাংলার জল"** ও **"স্বাধীনতা আমার স্বাধীনতা"** (বিশেষ প্রামাণ্যচিত্র) প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। কর্তব্যরত ব্যক্তিবর্গের জন্য দ্বিতীয়/তৃতীয় বার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(১) **সময়:** ১১৪৫-১২৪৮ ঘটিকা (সদর দপ্তরের জন্য)।

(২) **সময়:** ১০৩০-১১৩৩ ঘটিকা (বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ সকল ইউনিটের জন্য)।

D:\Babul\26 March.doc

জ। **বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা।** ২৬ মার্চ উপলক্ষ্যে জেলা কমান্ড্যান্টগণ নিজ নিজ জেলায় **বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে যে সকল বীর মুক্তিযোদ্ধাদের অবদান রাষ্ট্রীয়ভাবে স্বীকৃত (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ প্রকাশিত গেজেট অনুযায়ী)** তাদেরকে সম্মানের সাথে জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে আমন্ত্রণ জানিয়ে সংবর্ধনা অনুষ্ঠানে সম্মাননা হিসেবে ক্রেস্ট প্রদান করবেন।

(১) **সময়:** ১১৪৫ ঘটিকা।

ঝ। **বিশেষ মোনাজাত।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ের মসজিদসমূহে ২৬ মার্চ ২০২৪, মঙ্গলবার বাদ যোহর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে শহিদগণের আত্মার শান্তি ও মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাতের ব্যবস্থা করতে হবে।

ঞ। **আনসার ও ভিডিপি হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন।** আনসার ও ভিডিপি হাসপাতালে রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করা হবে। ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত), বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি ও তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন

ট। **স্কুল এন্ড কলেজ।** খাযা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবেন।

ঠ। **প্রীতিভোজ।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন (মোতায়েনকৃত বেইজ ক্যাম্পসহ), জেলা, ভিডিপি কার্যালয়ে প্রচলিত নিয়মানুযায়ী উপস্থিত জনগণের জন্য ইফতার শেষে (সদর দপ্তর, বাজেট শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০২০.০১.০৮১.১৬ (২য় খণ্ড) ১২৫২, তারিখঃ ০৭/০৮/২০২৩ খ্রিঃ মূলে) প্রীতিভোজের আয়োজন করা হবে। ইউনিটে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

ড। **পোশাক:** ১। **জাতীয় পতাকা উত্তোলন ও পুষ্পস্তবক অর্পণ:** আনুষ্ঠানিক পোশাক (মেডেলসহ)।

২। **প্রামাণ্যচিত্র প্রদর্শন:**

ক। পুরুষ: ফুলহাতা শার্ট (টাই ছাড়া), ফরমাল প্যান্ট ও স্যু।

খ। মহিলা: শাড়ি।

৩। **২৬ মার্চের মোনাজাত:** ঐচ্ছিক পোশাক।

৪। **ইফতার ও প্রীতিভোজ:** প্লেয়ার ড্রেস।

ঢ। **উপপরিচালক (প্রশাসন-উইং) এর জন্য।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরে আলোকসজ্জা, সাজসজ্জা, মসজিদে বাদ যোহর মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত, ইফতার শেষে প্রীতিভোজের আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ণ। **জনসংযোগ কর্মকর্তার জন্য।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর অডিটোরিয়ামে বঙ্গবন্ধু ও মহান মুক্তিযুদ্ধ বিষয়ক বিশেষ প্রামাণ্যচিত্র/ভিডিও প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বর্ণিত প্রামাণ্য চিত্র সকল ইউনিটে প্রেরণ করবেন। এ সংক্রান্ত বিষয়ে প্রশাসন-উইং ও আইসিটি শাখা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই সাধারণ নির্দেশিকা জারি করা হলো।

সংযুক্ত: নমুনা ব্যানার (ক) **সদর দপ্তর ও একাডেমির জন্য:** ব্যানার এর নমুনা ০১ (এক) পাতা ও ড্রপ ডাউন ব্যানার এর নমুনা ০৩ (তিন) পাতা।

(খ) অন্যান্য **ইউনিটের জন্য:** ব্যানার এর নমুনা ০১ (এক) পাতা

Jahanara Akter
22-3-24
জাহানারা আক্তার, বিএএমএস (প্রশা)
বিএডি ১২০০৭৯
পরিচালক (প্রশাসন)
দূরালাপনী: ৪৭২১৪৯২৫
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd
তারিখ: ০৭/১২/১৪৩০ বঙ্গাব্দ।
২২/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.৩৩.০০৬.০৯. ৩২৭

**অনুলিপি:**

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। — সদয় অবগতির জন্য।

২। সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।

৩। অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।

D:\Babu\26 March.doc

| | | |
|---|---|---|
| ৪। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৫। | ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৬। | উপমহাপরিচালক (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ..............রেঞ্জ............ | " |
| ৭। | পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা। | " |
| ৮। | পরিচালক (সকল)............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৯। | অধিনায়ক (সকল)<br>......আনসার ব্যাটালিয়ন,.............................................. | " |
| ১০। | পরিচালক, ঢাকা/চট্টগ্রাম মহানগর আনসার। | " |
| ১১। | পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), টঙ্গী, ঢাকা। | " |
| ১২। | অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | " |
| ১৩। | নির্বাহী প্রকৌশলী, উপপরিচালক (চিকিৎসা) ও আইন বিষয়ক উপদেষ্টা।<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১৪। | তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর। | " |
| ১৫। | অধ্যক্ষ<br>ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ, সফিপুর, গাজীপুর। | " |
| ১৬। | উপপরিচালক (সকল)..........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ১৭। | জেলা কমান্ড্যান্ট (সকল).......................................................... | " |
| ১৮। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৯। | জোন অধিনায়ক (সকল), ঢাকা ও চট্টগ্রাম মহানগর আনসার.............. | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২০। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর। | " |
| ২১। | সহকারী পরিচালক (সকল)..........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ২২। | জনসংযোগ কর্মকর্তা, বাজেট ও হিসাবরক্ষণ কর্মকর্তা (আনসার ও ভিডিপি)<br>ও সম্পাদক কাম প্রশাসক (প্রতিরোধ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২৩। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | পত্রটি এ বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২৪। | বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা ও আরপি অফিসার<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ২৫। | কন্ট্রোল রুম<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২৬। | অফিস/মাস্টার কপি। | |

২৬-৩-১৪
পরিচালক (প্রশাসন)



# ২৬ মার্চ

"মহান স্বাধীনতা
ও
জাতীয় দিবস-২০২৪"

সকল বীর শহিদদের প্রতি আমাদের

## শ্রদ্ধাঞ্জলি

সর্বশক্তিমান আল্লাহর নামে আপনাদের কাছে আমার আবেদন ও আদেশ, দেশকে স্বাধীন করার জন্য শেষ রক্তবিন্দু থাকা পর্যন্ত যুদ্ধ চালিয়ে যান। আপনাদের পাশে এসে যুদ্ধ করার জন্য পুলিশ, ইপিআর, বেঙ্গল রেজিমেন্ট ও আনসারদের সাহায্য চান।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
(২৬ মার্চ ১৯৭১)



বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী



# ২৬ মার্চ

"মহান স্বাধীনতা

ও

জাতীয় দিবস-২০২৪"

সকল বীর শহিদদের প্রতি আমাদের

# শ্রদ্ধাঞ্জলি







বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী



# ২৬ মার্চ

"মহান স্বাধীনতা
ও
জাতীয় দিবস-২০২৪"



বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী



সর্বশক্তিমান আল্লাহর নামে আপনাদের কাছে আমার আবেদন ও আদেশ, দেশকে স্বাধীন করার জন্য শেষ রক্তবিন্দু থাকা পর্যন্ত যুদ্ধ চালিয়ে যান। আপনাদের পাশে এসে যুদ্ধ করার জন্য পুলিশ, ইপিআর, বেঙ্গল রেজিমেন্ট ও আনসারদের সাহায্য চান।
"মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪"
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি
বিনম্র শ্রদ্ধা
২৬ মার্চ
মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী সকল
বীর মুক্তিযোদ্ধা ও শহিদদের প্রতি আমাদের গভীর
শ্রদ্ধাঞ্জলি
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী